

বর্ডার গার্ড বাংলাদেশ প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা: ৫ এপ্রিল ২০১৯

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও মায়ানমার পুলিশ ফোর্স (এমপিএফ) শীর্ষ পর্যায়ে সীমান্ত সম্মেলন

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং মায়ানমার পুলিশ ফোর্স (এমপিএফ) এর মধ্যে শীর্ষ পর্যায়ের সীমান্ত সম্মেলন আগামী ০৬ হতে ১০ এপ্রিল ২০১৯ তারিখে মায়ানমারের নেপিতো (Nay Pyi Taw) শহরে অনুষ্ঠিত হবে। উক্ত সম্মেলনে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মো: সাফিনুল ইসলাম, এনডিসি, পিএসসি (Major General Md Shafeenul Islam, ndc, psc) এর নেতৃত্বে ১১ সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদল এবং মায়ানমার পুলিশ ফোর্সের চীফ অব পুলিশ জেনারেল স্টাফ, পুলিশ ব্রিগেডিয়ার জেনারেল মায়ো থান (Police Brigadier General Myo Than) এর নেতৃত্বে ১৭ সদস্যের মায়ানমার প্রতিনিধিদল অংশগ্রহণ করবে। বাংলাদেশ প্রতিনিধিদলে বিজিবি ছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। অপরদিকে মায়ানমার প্রতিনিধিদলে মায়ানমার পুলিশ ফোর্স (এমপিএফ) এর উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ ছাড়াও সে দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, মংডু জেলা প্রশাসক এবং ইমিগ্রেশন বিভাগের প্রতিনিধিগণ অংশগ্রহণ করবেন।

সম্মেলনে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর আলোচ্য সূচী অনুযায়ী মাদক ও নেশাজাতীয় দ্রব্য বিশেষ করে ইয়াবা পাচার প্রতিরোধ, সীমান্তে সন্ত্রাসবাদ মোকাবেলা, অবৈধভাবে সীমান্ত অতিক্রম বন্ধ, সীমান্তে গুলি বর্ষণ না করা, মায়ানমার ও বাংলাদেশের কারাগারে সাজাভোগ শেষে উভয় দেশের নাগরিকদের স্বদেশে প্রত্যাবর্তন, সীমান্ত নিরাপত্তায় পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি ও আইন প্রয়োগের অংশ হিসেবে ব্যাটালিয়ন ও রিজিয়ন পর্যায়ে নিয়মিত পতাকা বৈঠক, বর্ডার লিয়াজো অফিস (বিএলও) এর প্রথম বৈঠক, তথ্য বিনিময়, মায়ানমার ও বাংলাদেশের মধ্যে সমন্বিত যৌথ টহল, পারস্পরিক আস্থা বৃদ্ধির বিভিন্ন পদক্ষেপ গ্রহণ এবং বিবিধ বিষয় আলোচনায় স্থান পাবে। এবারের সম্মেলন উপলক্ষ্যে মায়ানমারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মন্ত্রী এবং চীফ অব মায়ানমার পুলিশ ফোর্স এর সাথে বিজিবি মহাপরিচালকের সৌজন্য সাক্ষাতের কথা রয়েছে।